ঝিনাইদহে যুবদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

“দিল্লি গেছে স্বৈরাচার পিন্ডি যাবে রাজাকার, স্বৈরাচার আর রাজাকার মিলেমিশে একাকার, ষড়যন্ত্র হয়নি শেষ, সজাগ থাকো বাংলাদেশ” এই শ্লোগানকে সামনে নিয়ে সারাদেশে আইনশৃঙ্খলার অবণতি ও গুপ্ত সংগঠনের নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জেলা জাতীয়তাবাদী যুবদল।

বৃহস্পতিবার (১৭ জুন) বেলা সাড়ে ১১টায় শহরের উজির আলী মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পায়রা চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।
জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি অ্যাড. এমএ মজিদ।

জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুর সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সহ সভাপতি এনামুল হক মুকুল, যুগ্ম সম্পাদক এম শাহজাহান আলী, জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, গণতন্ত্র ও দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ধ্বংস করতে গুপ্ত সংগঠন নৈরাজ্য সৃষ্টির পায়তারা করছে। জিয়া পরিবার ও তারেক রহমানকে নিয়ে অপপ্রচার শুরু করেছে ৭১ এর পরাজিত শক্তি। এসময় বক্তারা গোপালগঞ্জে এনসিপির পদযাত্রায় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ-যুবলীগের বর্বরোচিত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানান।

চুয়াডাঙ্গায় যৌথবাহিনীর অভিযানে অস্ত্রসহ যুবদল নেতা আটক

চুয়াডাঙ্গায় সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে পৌর যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক লিমন হোসেনকে অস্ত্রসহ আটক করা হয়েছে। শনিবার ভোরে চুয়াডাঙ্গা পৌর এলাকা থেকে তাকে অস্ত্র সহ আটক করে সেনাবাহিনী ও পুলিশ।গ্রেফতারের তথ্য নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (ওসি) খালেদূর রহমান

আটক লিমন হোসেন (৪০) চুয়াডাঙ্গা পৌর এলাকার আবুল হোসেনের ছেলে। তিনি চুয়াডাঙ্গা পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক।

চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্প থেকে পাওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, শনিবার ভোরে গোপন সংবাদের ভিত্তিতে ক্যাপ্টেন সৌমিক আহমেদ অয়ন (৩৬ এডি) নেতৃত্বে পুলিশ ও সেনাবাহিনীর একটি দল শহরের ঝিনাইদহ বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে লিমনকে আটক করা হয়। পরে জিজ্ঞাবাদের এক পর্যায়ে লিমনের দেয়া তথ্যের ভিত্তিতে একটি নাইম এমএম পিস্তল, এক রাউন্ড এ্যামুনিশন, দেশী অস্ত্র (চাপাতি-চাইনিজ ছুরি-রামদা) সহ মোবাইল ফোন জব্দ করা হয়।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা খালেদুর রহমান বলেন, সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে অস্ত্রসহ লিমনকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে এবং মামলার পর বাকি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

মেহেরপুরে জেলা যুবদলের প্রস্তুতি সভা

আগামী ১৬ মে “শিক্ষা, স্বাস্থ্য ও মৌলিক অধিকার বিষয়ে তারুণ্যের

ভাবনা” শীর্ষক সেমিনার এবং ১৭ মে “তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ” সফল করতে প্রস্তুতি সভা করেছে মেহেরপুর জেলা যুবদল।

বুধবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক বিল্লাল হোসেন তারেক।

এ সময় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফিরোজ আব্দুল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, মোশারফ হোসেন তপু, এস. এ. খান শিল্টু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুল ইসলামসহ জেলা যুবদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।

সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

মেহেরপুরে পৌরসভা ৪নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার রাত আটটার দিকে মেহেরপুরের কালাচাঁদপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আনছার উল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ। এই সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন, রোমানা আহমেদ।

এছাড়াও জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মুস্তাফিজুর রহমান সজীব, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম সজল, সদর উপজেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি নাসির উদ্দিন, অ্যাডভোকেট আসাদুল আজম খোকন, আব্দুর রহিম, পৌরসভায় ১ নং ওয়ার্ড সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর, মোশিউল আলম দ্বীপু, আব্দুল লতিফ জনি, সৌরভ, রিপন সহ পৌরসভা ৪নং ওয়ার্ডের বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠানের সঞ্চালনা করেন জেলা বিএনপি’র সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে জেলা যুবদলের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে ৫০০ দরিদ্র ও অসহায় মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

রবিবার (৩০ মার্চ) সকাল ১১টায় মেহেরপুর জেলা যুবদলের অফিস কার্যালয়ে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য বখতিয়ার হোসেন, মেহেদী হাসান রোলেক্স, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমান ফিরোজ, রিপন আলীসহ জেলা যুবদলের নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়কসহ তিন নেতার বহিষ্কার দাবি

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু ও যুবদল নেতা আব্দাল হোসেনকে দল থেকে বহিষ্কার দাবি করেছেন রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম।

চাঁদপুর গ্রামে আওয়ামী লীগের ইফতার মাহফিলে সহযোগিতা করেছেন এমন অভিযোগ তুলে আজ মঙ্গলবার বিকালে রায়পুর ইউনিয়নের কড়ুইগাছি গ্রামে এক প্রতিবাদ সভায় তিনি বিএনপি’র এই তিন নেতার বহিষ্কার দাবি করেন।

তিনি আরো বলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মিল্টন রায়পুর ইউনিয়নের দু’জনকে কমিটি গঠনের দায়িত্ব দিয়েছে। তারা যেখানে কমিটি গঠন করতে যাচ্ছে সেখানেই মারধর খেয়ে পুলিশের সহযোগিতায় বাড়ি ফিরছে।

তিনি আরও অভিযোগ করে বলেন, প্রত্যেকটা ওয়ার্ড কমিটিতে আওয়ামী লীগের লোকজনকে পদ দেওয়া হচ্ছে। বঞ্চিত করা হচ্ছে ত্যাগী নেতাদের।

তিনি আরও বলেন, আব্দাল হক যুবদল কর্মী হলেও তাকে বিএনপি’র মত বড় দলের কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। আমরা এর তীব্র প্রতিবাদ

জানাচ্ছি।

কড়ুইগাছি গ্রামের বিএনপি নেতা আমিরুল হক আমুলের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, রায়পুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম জাকারিয়া, বিএনপি নেতা আনারুল ইসলাম, শালদহ গ্রাম বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক ঝুনুসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা যুবদলের উদ্যোগে ইফতার বিতরণ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের নির্দেশনায় মেহেরপুর জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার উদ্যোগে ইফতার বিতরণ করা হয়।

আজ রবিবার বিকেল পাঁচটার দিকে মেহেরপুর শহর পৌরসভার সামনে, হাসপাতাল ওয়াবদার মোড় ও কলেজ মোড়-এ পবিত্র মাহে রমজান উপলক্ষে পথচারী মানুষের মাঝে পাঁচ শতাধিক ইফতার বিতরণ করা হয়েছে।

ইফতার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সেক্রেটারী নাহিদ ইসলাম, রাজু দোলোয়ার, ওসমান, অভি লিটন ফাইম, নাজমুল সহ জেলা যুবদলের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে উপজেলা সেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে কেদারগঞ্জ বাজারের মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক ফিরোজ রহমান বিজয়, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসান, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, সদর থানা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স,

জেলা যুবদলের সহ-সভাপতি মোসাররেফ হোসেন তপু, জেলা যুবদলের সহ-সভাপতি আ: হামিদ সহ উপজেলা সেচ্ছাসেবকদলের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরে যুবদল নেতার উদ্যোগে পথচারীদের ইফতার বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে মেহেরপুরে পথচারীদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৫টার দিকে শহরের কলেজ মোড়ে প্রায় ২০০ পথচারীর মাঝে এই ইফতার বিতরণ করা হয়। বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের নেতা মাহাফুজুর রহমানের সার্বিক সহযোগিতায় এই ইফতার বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন যুবদল নেতা মোঃ ফাহিম, মোঃ নাজমুল হোসেনসহ অন্যান্য নেতাকর্মীরা। রমজানের এই পবিত্র মাসে যুবদলের এই মানবিক উদ্যোগ স্থানীয়দের মধ্যে প্রশংসিত হয়েছে।

মুজিবনগরে জেলা যুবদলে প্রতিবাদ সমাবেশ

মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হকের উপর হামলার আসামীদের দ্রুত গ্রেফতার করে বিচার দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা যুবদলের নেতৃবৃন্দ।

বুধাবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক এর সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুবদলের সহসভাপতি আব্দুল হামিদ,সহ পল্লী উন্নয়ন সমবায় বিষয়ক সম্পাদক বজলুর রহমান, জেলা যুবদলের সদস্য এরশাদ আলী, আধার আলী বাবু,পারভেজ আলী,জেলা নবীন দলের সাধারন সম্পাদক আনার হোসেন প্রমুখ।

প্রতিবাদ সমাবেশের আগে মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক এর নেতৃত্বে কেদারগন্জ হাট প্রাঙ্গণ থেকে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়।

উল্যেখ্য,গত ৯ ফেব্রুয়ারী রবিবার বিকালে মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হকের উপর কেদারগন্জ বাজারে তার নিজ গোল্ডেন লাইন কাউন্টারে একটি হামলা হয়। পরদিন সকালে আসাদুল হক বাদী হয়ে ১৭ জনের নামেসহ ১৫/২০ জনকে অজ্ঞাতননামা আসামী করে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন।

মামলার পরে মুজিবনগর থানা পুলিশ হামলার সকল সিসিটিভি ফুটেজ দেখে মঙ্গলবার রাতে মামলার ৫ নম্বর আসামী ছোট খোকনকে আটক করে আদালতে সোপর্দ করে।